ডাক (৪৯) | অফিস ব্যবস্থাপনা

বিজ্ঞপ্তি পত্র -১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.১৪৫

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯
০৫ মার্চ ২০২৩

বিষয়: **১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদ্যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ**

সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের
২২.০২.২০২৩ তারিখের ৪৮.০০.০০০০.০৪১.২৩.০০১.২৩.৭০ সংখ্যক স্মারক

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত কার্যবিবরণীর চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত কার্যবিবরণীতে উল্লেখিত তাঁর মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্ত/কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: কার্যবিবরণী ১১ পৃষ্ঠা

৫-৩-২০২৩
মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব
ফোন: ৫৫১০০৯৭১
ইমেইল: general_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.১৪৫/১(২)

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯
০৫ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ

৫-৩-২০২৩
মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিপরিষদ সচিবের দপ্তর
ডাইরী নং ৯৪৫
তারিখ ২৩/০২/২০২৩
মন্ত্রিপরিষদ সচিবের স্বাক্ষর:

অতিরিক্ত সচিব (প্রঃ ও বিধি অনুবিভাগ)
মন্ত্রিপরিষদ বিভাগ
ব্যক্তিগত কর্মকর্তা
ডায়েরী নং
তারিখ ২৬/০২/২৩
স্বাক্ষর

মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসন অধিশাখা

বিষয়: ১৭ মার্চ ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| স্থান | : | বাংলাদেশ শিশু একাডেমির সভাকক্ষ |
| তারিখ | : | ১৩/২/২০২৩ খ্রি. |
| সময় | : | সকাল ২.৩০ ঘটিকা |
| উপস্থিতির বিবরণ | : | সংযোজনী- ''ক'' |

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে মন্ত্রণালয়ের সচিব সভাকে অবহিত করেন যে, প্রতিবছর ১৭ মার্চ জাতির পিতার জন্মদিনে জাতীয় শিশু দিবস হিসেবে উদযাপিত হয়। প্রতিবছরের ন্যায় এ বছরও বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযথ মর্যাদায় সাড়ম্বরে উদযাপনের লক্ষ্যে কর্মসূচি নির্ধারণের নিমিত্ত অদ্যকার আন্তঃমন্ত্রণালয় প্রস্তুতিমূলক সভা আয়োজন করা হয়েছে।

২। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় বিষয়ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্র.নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ |
|---|---|---|---|---|
| ১. | ভেন্যু নির্ধারণ | সভাকে অবহিত করা হয় যে- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ অনুষ্ঠানের ভেন্যু নির্ধারণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ এর অনুষ্ঠান জাতির পিতার সমাধি প্রাঙ্গণ টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ এ অনুষ্ঠিত হবে। | • মশিবিম<br>• জেলা প্রশাসক |
| ২. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | সভাকে অবহিত করা হয় যে, জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এবং কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকাকে পত্র প্রেরণ করা হবে। | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের স্বাস্থ্যবিধি সংক্রান্ত অনুশাসন/নির্দেশনা প্রতিপালন করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | • মন্ত্রিপরিষদ বিভাগ<br>• সশস্ত্র বাহিনী বিভাগ<br>• বঙ্গবন্ধু স্মৃতি মেমোরিয়াল ট্রাস্ট<br>• ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ/উত্তর)<br>• স্ব স্ব মন্ত্রণালয় /বিভাগ |
| ৩. | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক টুঙ্গিপাড়ায় | সভায় জানানো হয় যে, জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস টুঙ্গিপাড়ায় জাতির পিতার | • জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে টুঙ্গিপাড়ায় জাতির পিতার মাজারে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় | • মন্ত্রিপরিষদ বিভাগ<br>• সশস্ত্র বাহিনী |

সাধারণ অধিশাখা
তারিখের মধ্যে উপস্থাপন করুন
আলোচনা করুন

| | | | | |
|---|---|---|---|---|
| | জাতির পিতার মাজারে পুষ্পস্তবক অর্পণ এবং গার্ড অব অনার প্রদান | মাজারে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ এবং এ উপলক্ষে গার্ড অব অনার প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। | প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ ও গার্ড অব অনার প্রদানের বিষয়ে জেলা প্রশাসক গোপালগঞ্জ-কে পত্র প্রেরণ করতে হবে।<br>• জেলা প্রশাসক, গোপালগঞ্জ মন্ত্রিপরিষদ বিভাগ ও সশস্ত্র বাহিনী বিভাগের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বিভাগ<br>• জেলা প্রশাসক, গোপালগঞ্জ, |
| ৪. | জাতীয় শিশু দিবসের অনুষ্ঠানসূচি চূড়ান্তকরণ | সভায় উপস্থিত সকলে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতি বিবেচনায় রেখে স্বাস্থ্য বিধি মেনে জাতীয় শিশু দিবসের অনুষ্ঠান পালনের সম্ভাব্য কর্মসূচি নিয়ে আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত কর্মসূচি নির্ধারণ করা হয়ঃ<br>**তারিখ: ১৭ মার্চ, ২০২৩ (শুক্রবার)**<br>**স্থান : জাতির পিতার সমাধি প্রাঙ্গণ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।**<br>**অনুষ্ঠানসূচি:**<br>সকাল ৯.০০ — আমন্ত্রিত অতিথিদের আসন গ্রহণ<br>১০.০০ — মাননীয় প্রধানমন্ত্রীর আগমন<br>১০.০২ — পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ<br>১০.১০ — স্বাগত বক্তব্য: মো: হাসানুজ্জামান কল্লোল, সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>১০.১৫ — বঙ্গবন্ধু ও শিশু অধিকার বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শনী<br>১০.২০ — শিশু প্রতিনিধির বক্তব্য:<br>১০.২৩ — বিশেষ অতিথির বক্তব্যঃ ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>১০.৩০ — সভাপতির বক্তব্য: শিশু প্রতিনিধি<br>১০.৩৩ — • মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার প্রদান<br>• অসচ্ছল, মেধাবী শিশু শিক্ষার্থীদের মধ্যে আর্থিক অনুদান বিতরণ<br>• মাননীয় প্রধানমন্ত্রীকে স্মারক উপহার প্রদান<br>১০.৪৫ — প্রধান অতিথির ভাষণ: শেখ হাসিনা, এমপি, মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>-- — মাননীয় প্রধানমন্ত্রীর দর্শক সারিতে আসন গ্রহণ<br>-- — কাব্যনৃত্যগীতি আলেখ্যানুষ্ঠান<br>-- — মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে শিশু শিল্পীদের ফটোসেশন<br>-- — জাতির পিতার সমাধি প্রাংগনে আয়োজিত বইমেলার উদ্বোধন ও স্টল পরিদর্শন<br>-- — অনুষ্ঠানের সমাপ্তি | |
| ৫. | দিবসের প্রতিপাদ্য নির্ধারণ | দিবসে তাৎপর্যের আলোকে একটি প্রতিপাদ্য নির্ধারণের প্রস্তাবনা প্রেরণের জন্য মহপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমিকে অনুরোধ করা হয়। | দিবসে তাৎপর্যের আলোকে একটি প্রতিপাদ্য নির্ধারণের প্রস্তাবনা মহপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি প্রেরণ করবে। | • মন্ত্রিপরিষদ বিভাগ<br>• মশিবিম<br>• বাংলাদেশ শিশু একাডেমি |
| ৬. | দেশব্যাপী আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দেশব্যাপী আলোচনা সভা ও শিশুদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দেশব্যাপী আলোচনা সভা ও শিশুদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, | • মশিবিম<br>• সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>• বাশিএ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, একাডেমি, ইন্সটিটিউট, বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন এবং জেলা প্রশাসকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচিত হয়। | একাডেমি, ইন্সটিটিউট, বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশনকে পত্র এবং জেলা প্রশাসকগণকে উক্ত বিষয়ে জেলা পর্যায়ে আয়োজনের নিমিত্ত নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | • সমাজকল্যাণ মন্ত্রণালয়<br>• বাংলা একাডেমি<br>• নজরুল ইন্সটিটিউট<br>• বাংলাদেশ ইসলামিক ফাউন্ডেশন<br>• জেলা প্রশাসক (সকল) |
| ৭. | বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টারী প্রদর্শন এবং বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার | সভায় অবহিত করা হয় যে, জেলা ও উপজেলা সদরে সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টারী সপ্তাহব্যাপী প্রদর্শন এবং বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার এবং শিশুদের সাথে বঙ্গবন্ধুর ছবি আর্কাইভ থেকে সংগ্রহ করে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা ও উপজেলা সদরে সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধভিত্তিক পুস্তক ও ডকুমেন্টারী সপ্তাহব্যাপী প্রদর্শন এবং বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার এবং শিশুদের সাথে বঙ্গবন্ধুর ছবি আর্কাইভ থেকে সংগ্রহ করতঃ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | • মশিবিম<br>• তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>• বাংলাদেশ শিশু একাডেমি<br>• পিআইডি |
| ৮. | দূতাবাসসমূহে জাতির পিতার জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন | বাংলাদেশে দূতাবাসসমূহে জাতির পিতার জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও পিআইডি এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং ফেব্রুয়ারি মাসের শেষ সপ্তাহের মধ্যে পোষ্টার মুদ্রণের কাজ সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া সভায় উপস্থিত পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি পোষ্টার, লিফলেট, প্রামাণ্যচিত্র, প্রতিপাদ্য ইত্যাদির ইংরেজি ভার্সন প্রস্তুত ও ফেব্রুয়ারির শেষ সপ্তাহের মধ্যে তা পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | (ক) দূতাবাসসমূহে জাতির পিতার জন্মবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও পিআইডিকে পত্র প্রেরণ করতে হবে।<br>(খ) বিদেশে প্রচারের সুবিধার্থে দিবসের প্রতিপাদ্য, পোষ্টার, স্যুভেনির, প্রামাণ্যচিত্র ইত্যাদির ইংরেজির ভার্সন/সাব-টাইটেল সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | • মশিবিম<br>• পররাষ্ট্র মন্ত্রণালয়<br>• তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>• পিআইডি<br>• বাশিএ |
| ৯. | জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষে শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আলোচনা অনুষ্ঠান। | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আলোচনা অনুষ্ঠান আয়োজনের জন্য স্বাস্থ্য সেবা বিভাগকে পত্র দেয়া যায়। | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আগামী ১৭ মার্চ ২০২৩ তারিখে আলোচনা অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | • মশিবিম<br>• স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>• স্বাস্থ্য অধিদপ্তর |
| ১০. | জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষে সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠানের আয়োজন | সভায় আলোচনা হয় যে, জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | জাতির পিতার জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ১৭ মার্চ ২০২৩ তারিখে সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠানের আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে। | • মশিবিম<br>• ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ১১. | সকল মন্ত্রণালয় কর্তৃক গৃহীত দিবস সংশ্লিষ্ট স্ব | সকল মন্ত্রণালয় কর্তৃক গৃহীত দিবস সংশ্লিষ্ট স্ব স্ব কর্মসূচি এবং শিশু | সকল মন্ত্রণালয় কর্তৃক গৃহীত দিবস সংশ্লিষ্ট স্ব স্ব কর্মসূচি এবং শিশু সংশ্লিষ্ট উন্নয়নমূলক | • মশিবিম |

| | | | | |
|---|---|---|---|---|
| | স্ব কর্মসূচি এবং শিশু সংশ্লিষ্ট উন্নয়নমূলক কার্যক্রমের তথ্য সংগ্রহ | সংশ্লিষ্ট উন্নয়নমূলক কার্যক্রমের তথ্য সংগ্রহের বিষয়ে সভায় আলোচনা হয়। | কার্যক্রমের তথ্য প্রেরণের জন্য সকল মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | • সকল মন্ত্রণালয়/ বিভাগ |
| ১২. | গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে আলোকসজ্জাকরণ | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে আলোকসজ্জাকরণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, সিটি কর্পোরেশন ও তিন পার্বত্য জেলা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচিত হয়। | • গণভবন থেকে টুঙ্গিপাড়া পর্যন্ত চলাচলের সড়ক, মহাসড়ক, পদ্মাসেতুসহ অন্যান্য স্থাপনায় জাতীয় শিশু দিবসের আলোকে ব্যানার,ফেষ্টুন, প্লেকার্ড, রংঙিন পতাকা ইত্যাদি দ্বারা সজ্জিতকরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, সড়ক ও মহাসড়ক বিভাগ, সেতুবিভাগ, সেতু কর্তৃপক্ষ কে পত্র প্রেরণ করতে হবে।<br>• বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি ও সরকারের আর্থিক সাশ্রয় নীতি সংক্রান্ত নির্দেশনা অনুসরণক্রমে দিবসের গুরুত্ব ও ভাবমূর্তি বিবেচনায় আলোক সজ্জার ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | • মন্ত্রিপরিষদ বিভাগ<br>• অর্থ বিভাগ<br>• গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ সশস্ত্র বাহিনী বিভাগ<br>• জনপ্রশাসন মন্ত্রণালয়<br>• স্থানীয় সরকার বিভাগ<br>• বিদ্যুৎ বিভাগ<br>• মশিবিম<br>• বাশিএ<br>• সিটি কর্পোরেশন (সকল)<br>• জেলা পরিষদ (সকল)<br>• তিন পার্বত্য জেলা |
| ১৩. | বিটিভি, বাংলাদেশ বেতার, টিভি চ্যানেল, কমিউনিটি রেডিও/ এফএম ব্যান্ডে প্রচার | সভায় আলোচনা করা হয় যে, বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ এর অনুষ্ঠান/কার্যক্রম বিটিভি, বাংলাদেশ বেতার, টিভি চ্যানেল, কমিউনিটি রেডিও/এফএম ব্যান্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। তাছাড়া জাতীয় শিশু দিবসের জাতীয় অনুষ্ঠানটি জেলার সুবিধাজনক স্থানে বিটিভির মাধ্যমে প্রচার ও প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে মত প্রকাশ করা হয়।<br>মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা বিষয়টি ফলোআপ করবেন। | (ক) বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ এর অনুষ্ঠান/কার্যক্রম বিটিভি, বাংলাদেশ বেতার, অন্যান্য টিভি চ্যানেল, কমিউনিটি রেডিও/এফএম ব্যান্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে।<br><br>(খ) জাতীয় শিশু দিবসের জাতীয় অনুষ্ঠানটি জেলার সুবিধাজনক স্থানে জেলা প্রশাসনের মাধ্যমে বিটিভির সহায়তায় সরাসরি প্রদর্শন/ প্রচারের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়। | • মন্ত্রিপরিষদ বিভাগ<br>• মশিবিম<br>• জনসংযোগ কর্মকর্তা, মশিবিম<br>• তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>• বাংলাদেশ টেলিভিশন<br>• বাংলাদেশ বেতার |
| ১৪. | সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও ছাত্র উপস্থিতি | সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও ছাত্র উপস্থিতির বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্দেশনা জারির জন্য অনুরোধ জানিয়ে পত্র দেয়া যায়। | বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও ছাত্র উপস্থিতির বিষয়ে নির্দেশনা জারির জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে। | • মন্ত্রিপরিষদ বিভাগ<br>• মশিবিম<br>• শিক্ষা মন্ত্রণালয় |
| ১৫. | দিবসের প্রতিপাদ্য দাওয়াত কার্ড, পোস্টার ও স্যুভেনিরের দৃশ্যমান | সভায় অভিমত ব্যক্ত করা হয় যে- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ এর প্রতিপাদ্য | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ এর প্রতিপাদ্য, পোষ্টার ও স্যুভেনিরের দৃশ্যমান জায়গায় প্রতিপাদ্য | • মশিবিম<br>• বাশিএ<br>• তথ্য ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | জায়গায় প্রকাশ ও প্রচারের ব্যবস্থা | দাওয়াত কার্ড, পোষ্টার ও স্যুভেনিরের দৃশ্যমান জায়গায় প্রকাশ/প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকাশ/প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সম্প্রচার মন্ত্রণালয়<br>• পিআইডি |
| ১৬. | অনুষ্ঠান সরাসরি সম্প্রচার | সভায় অবহিত করা হয় যে, জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন অনুষ্ঠানটি সম্প্রচারের জন্য বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, প্রধানমন্ত্রীর প্রেস উইং এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন অনুষ্ঠান বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন কর্তৃক সরাসরি সম্প্রচার এবং বিশেষ অনুষ্ঠান প্রচার, মিডিয়া কভারেজ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর প্রেস উইং বরাবর পত্র প্রেরণ করতে হবে। | • মশিবিম<br>• তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>• বাংলাদেশ টেলিভিশন<br>• বাংলাদেশ বেতার |
| ১৭. | দিবসের তাৎপর্য প্রচার ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ টেলিভিশন/বেতারে টক-শোর আয়োজন | এ দিবসের তাৎপর্য তুলে ধরে বাংলাদেশ টেলিভিশন/বেসরকারী টেলিভিশন/ এফ,এম রেডিও ও বেতারে টকশো প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে অনুরোধ করা যায়। | দিবসটির তাৎপর্য তুলে ধরে বাংলাদেশ টেলিভিশন/বেসরকারী টেলিভিশন/ এফ,এম রেডিও ও বেতারে টকশো প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | • মশিবিম<br>• তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>• বাংলাদেশ টেলিভিশন<br>• বাংলাদেশ বেতার |
| ১৮. | মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণী এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বক্তব্য প্রস্তুতকরণ | দিবসটি উদ্‌যাপন উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকায় প্রকাশের জন্য মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণীর খসড়া বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রস্তুত করা হয়। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বক্তব্যের খসড়া বাংলাদেশ শিশু একাডেমি প্রস্তুত করে থাকে। | • দিবসটি উদযাপন উপলক্ষে পত্রিকায় ও প্রকাশিতব্য স্মরণিকায় প্রকাশের জন্য মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণীর খসড়া বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রস্তুত করতে হবে।<br>• মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বক্তব্যের খসড়াও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রস্তুত করতে হবে। | • মশিবিম<br>• বাশিএ |
| ১৯. | কোভিড টেষ্ট ব্যবস্থাপনা | কোভিড টেস্ট ব্যবস্থাপনা বিষয়ক উপকমিটি গঠন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | • সংশ্লিষ্ট উপকমিটি কোভিড টেস্টের যাবতীয় কার্যক্রম গ্রহণ করবে। বাংলাদেশ শিশু একাডেমির প্রাঙ্গনে প্রয়োজনীয় সংখ্যক বুথ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• জেলা প্রশাসক, গোপালগঞ্জ স্থানীয়ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | • কোভিড টেস্ট ব্যবস্থাপনা উপকমিটি<br>• জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| ২০. | এসবি পাস ইস্যুকরণ | এসবি পাস ইস্যুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন বিষয়ে বিষদ আলোচনা হয়। | এসবি পাশ ইস্যু এর জন্য তালিকা প্রস্তুত করতে হবে এবং তা জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবরে প্রেরণ করতে হবে। | • জননিরাপত্তা বিভাগ<br>• জেলা প্রশাসন গোপালগঞ্জ<br>• মশিবিম<br>• বাশিএ |
| ২১. | সাংস্কৃতিক পরিবেশনা | শিশুদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | • জেলা প্রশাসক, গোপালগঞ্জ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে। বাংলাদেশ শিশু একাডেমি সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়ে সমন্বয় ও যাবতীয় সহযোগীতা প্রদান করবে। | • জেলা প্রশাসন গোপালগঞ্জ<br>• বাশিএ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২. | ক্ষুদে বার্তা প্রেরণ | জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২৩ সাধারণ জনগণকে অবহিত করার লক্ষ্যে মোবাইলে ক্ষুদে বার্তা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে | জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২৩ সাধারণ জনগণকে অবহিত করার লক্ষ্যে মোবাইলে ক্ষুদে বার্তা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে বিটিআরসি কে পত্র প্রেরণ করতে হবে। | • মশিবিম<br>• বিটিআরসি |
| ২৩. | ইশারা ভাষার উপস্থাপনা | ইশারা ভাষার উপস্থাপনকারীদের নামের তালিকা প্রেরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে | ইশারা ভাষার উপস্থাপনকারীদের নামের তালিকা প্রেরণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন বরাবর পত্র প্রেরণ করতে হবে। | • বিটিভি<br>• মশিবিম |
| ২৪. | প্রামাণ্যচিত্র প্রস্তুত | জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবসে বঙ্গবন্ধু ও শিশু অধিকার শীর্ষক প্রামাণ্যচিত্র প্রস্তুতের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে | বাংলাদেশ শিশু একাডেমি জাতির পিতার জন্মদিন ও জাতীয় শিশু দিবসে বঙ্গবন্ধু ও শিশু অধিকার শীর্ষক প্রামাণ্যচিত্র প্রস্তুত করবে। প্রস্তুতকৃত প্রামাণ্যচিত্র প্রদর্শনের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | • মশিবিম<br>• তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>• বাশিএ |
| ২৫. | সার্বিক সমন্বয় কমিটিসহ বিভিন্ন উপকমিটি গঠন | অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন কমিটি/উপকমিটি গঠণের বিষয়ে আলোচনা হয়। | সভায় আলোচনাক্রমে নিম্নোক্ত কমিটি/উপকমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ | |

০১। সার্বিক ব্যবস্থাপনা কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

| ক্র..নং | নাম, পদবী | কর্মস্থল | |
|---|---|---|---|
| ১. | ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি<br>মাননীয় প্রতিমন্ত্রী | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | জনাব মো. হাসানুজ্জামান কল্লোল<br>সচিব | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | জনাব লাকী ইনাম<br>চেয়ারম্যান | বাংলাদেশ শিশু একাডেমি | সদস্য |
| ৪. | চেমন আরা তৈয়ব<br>চেয়ারম্যান | জাতীয় মহিলা সংস্থা | সদস্য |
| ৫. | আফরোজা খান<br>ব্যবস্থাপনা পরিচালক | জয়িতা ফাউন্ডেশন, ঢাকা | সদস্য |
| ৬. | জনাব ফরিদা পারভীন<br>মহাপরিচালক | মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৭. | জনাব মোঃ মুহিবুজ্জামান<br>অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয় উইং) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | জনাব আবেদা আক্তার<br>নির্বাহী পরিচালক | জাতীয় মহিলা সংস্থা, ঢাকা | সদস্য |
| ৯. | জনাব মুহাম্মদ ওয়াহিদুজ্জামান এনডিসি<br>অতিরিক্ত সচিব(প্রশাসন) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | জনাব আনজির লিটন<br>মহাপরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ১১. | জনাব নার্গিস খানম<br>যুগ্মসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান অধিশাখা) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | জনাব মনোয়ারা ইসরাত<br>পরিচালক (যুগ্মসচিব) | মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | জনাব মোসাঃ ফেরদৌসী বেগম<br>যুগ্মসচিব (বাজেট ও অডিট অধিশাখা) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১৪. | জনাব রেজাউল কবীর<br>যুগ্মসচিব(প্রশাসন অধিশাখা) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১৫. | জনাব সুফিয়া নাজিম<br>যুগ্মসচিব (কার্যক্রম অধিশাখা) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১৬. | জনাব দীপক কুমার রায়<br>উপসচিব (শিশু ও সমন্বয়) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি :

- কমিটি দিবসটি যথাযথভাবে উদযাপনের নিমিত্ত সকল উপ-কমিটির যাবতীয় কার্যাবলি তদারক ও সমন্বয় করবে;
- জনাব মোঃ মুহিবুজ্জামান, অতিরিক্ত সচিব(শিশু ও সমন্বয়) অনুষ্ঠানের সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করবেন।
- প্রয়োজনে কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। **দাওয়াত কার্ড, খাম প্রস্তুত, বিতরণ সংক্রান্ত উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| ক্র.নং | নাম, পদবী | কর্মস্থল | |
|---|---|---|---|
| ১. | মুহাম্মদ ওয়াহিদুজ্জামান এনডিসি<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | আনজীর লিটন<br>মহাপরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ৩. | ফরিদা ইয়াসমিন<br>উপসচিব (প্রশাসন-১) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | ড. মোঃ হাবিব উল্লাহ বাহার<br>উপসচিব (মবিঅ-২) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | মোঃ মাসুদুর রহমান<br>উপসচিব (প্রশাসন-২) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | ফৌজিয়া সিদ্দিকা<br>সিনিয়র সহকারী সচিব (মবিঅ-১) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | মোঃ নুরুজ্জামান<br>প্রোগ্রাম অফিসার | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ৮. | মোঃ ইফতেখারুল আলম<br>প্রোগ্রাম অফিসার | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ৯. | মোঃ আমির হোসেন খান<br>সহকারী পরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ১০. | জনাব রেজাউল কবীর<br>যুগ্মসচিব(প্রশাসন অধিশাখা) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য সচিব |

উপ-কমিটির কার্যপরিধি :

- অতিথি তালিকা প্রণয়ন ও প্রস্তুত ;
- বাংলাদেশ শিশু একাডেমি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনপূর্বক অনুষ্ঠানের ২০দিন পূর্বে কার্ড ছাপানোর কাজ সম্পন্ন করবে;
- কমিটি দিবসের আমন্ত্রণ পত্র তৈরি, বিতরণ ও আনুষাংগিক কার্যক্রম গ্রহণ করবে;
- কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৩। প্রচার ও প্রকাশনা উপ-কমিটি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| ক্র.নং | নাম, পদবী | কর্মস্থল | |
|---|---|---|---|
| ১. | আনজীর লিটন<br>মহাপরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | আহবায়ক |
| ২. | সাবিনা ফেরদৌস<br>উপসচিব(নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ মনিটরিং অধিশাখা) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | ড. মোঃ হাবিব উল্লাহ বাহার<br>উপসচিব (মবিঅ-২) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | মোঃ হাবিবুর রহমান<br>মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | অভিজিৎ বসাক<br>উপপরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি | সদস্য |
| ৬. | আহমেদ সাব্বির সাজ্জাদ<br>উপপরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি | সদস্য |
| ৭. | মোঃ নুরুজ্জামান<br>প্রোগ্রাম অফিসার | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ৮. | মোঃ আমির হোসেন খান<br>সহকারী পরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ৯. | এ.এস.এম. নাজমুল হক<br>জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা (সংযুক্ত) | সদস্য |
| ১০. | রেজিনা আক্তার<br>লাইব্রেরীয়া | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ১১. | মোঃ আলমগীর হোসেন<br>জনসংযোগ কর্মকর্তা | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য-সচিব |

উপ-কমিটির কার্যপরিধি :

- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আলোচ্য দিবস উপলক্ষে প্রধান অতিথি ও বিশেষ অতিথির ভাষণ ও বানী প্রস্তুতসহ ক্রোড়পত্র, পোষ্টার,বুকলেট ও স্যুভেনির প্রকাশের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ছোট ছোট ফেষ্টুন, তোরণ, ব্যানার, প্ল্যাকার্ড এবং বিলবোর্ড তৈরি করে বিভিন্ন মোড় ও স্থানে সড়ক দ্বীপসমূহ সজ্জিতকরণের কার্যক্রম বাস্তবায়ন ও তদারকি করবে;
- সচিবালয়ের অভ্যন্তরে ২টি বিল বোর্ড স্থাপনপূর্বক মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সুসজ্জিত করবে;
- গণভবন থেকে টুঙ্গিপাড়া পর্যন্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক, ব্রীজ ও অন্যান্য স্থাপনায় জাতীয় শিশু দিবসের তাৎপর্যের আলোকে ব্যানার, পোষ্টার,বিলবোর্ড ইত্যাদি দ্বারা সজ্জিতকরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে টক-শো আয়োজনের ব্যবস্থা গ্রহণ এবংবাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- প্রয়োজনে কমিটি সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৪। সাংস্কৃতিক অনুষ্ঠান সংক্রান্ত উপ-কমিটিঃ

| ক্র.নং | নাম, পদবী | কর্মস্থল | |
|---|---|---|---|
| ১. | আনজীর লিটন<br>মহাপরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | আহবায়ক |
| ২. | মো: হাবিবুর রহমান<br>মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ৩. | তাসনিম জেবিন বিনতে সেখ<br>উপসচিব(প্লাউ) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | ফরিদা ইয়াসমিন<br>উপসচিব | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | ফৌজিয়া সিদ্দিকা<br>সিনিয়র সহকারী সচিব (মবিঅ-১) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | মোঃ ইমরুল হাসান<br>সচিব মহোদয়ের একান্ত সচিব | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | মাহনাজ হোসেন ফারিবা<br>উপপরিচালক (ম্যাজিস্ট্রট, মহিলা সহায়তা কর্মসূচি/ অপরাজিতা) | মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৮. | জেলা প্রশাসক গোপালগঞ্জ এর প্রতিনিধি | জেলা প্রশাসকের কার্যালয় গোপালগঞ্জ | সদস্য |
| ৯. | মোঃ আলমগীর হোসেন<br>সিনিয়র তথ্য অফিসার | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা<br>গোপালগঞ্জ | জেলা প্রশাসকের কার্যালয় গোপালগঞ্জ | সদস্য |
| ১১. | অভিজিৎ বসাক<br>সহকারী পরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য-সচিব |

উপ-কমিটির কার্যপরিধি :

- জাতীয় শিশু দিবস উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের গ্রন্থনা ও পরিচালনায় সার্বিক সহায়তা ও তত্বাবধান করবে;
- কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৫। কোভিড টেস্ট ব্যবস্থাপনা বিষয়ক উপকমিটিঃ

| ক্র.নং | নাম, পদবী | কর্মস্থল | |
|---|---|---|---|
| ১. | মোসাঃ ফেরদৌসী বেগম<br>*যুগ্মসচিব(বাজেট ও অডিট)* | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | সালেহা বিনতে সিরাজ<br>উপপরিচালক | মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ৩. | *মোঃ মাসুদুর রহমান*<br>উপসচিব(প্রশাসন-২) | *মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়* | সদস্য |
| ৪. | ফৌজিয়া সিদ্দিকা<br>সিনিয়র সহকারী সচিব (মবিঅ-১) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | মোঃ এনামুল হক<br>প্রোগ্রামার | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | শারমিন সুলতানা<br>সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | মোঃ আমির হোসেন খান<br>সহকারী পরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি | সদস্য |
| ৮. | মোঃ নুরুজ্জামান<br>প্রোগ্রাম অফিসার | বাংলাদেশ শিশু একাডেমি | সদস্য |
| ৯. | শামীমা আরেফিন<br>প্রোগ্রাম অফিসার | বাংলাদেশ শিশু একাডেমি | সদস্য |
| ১০. | আহমেদ সাব্বির সাজ্জাদ<br>উপপরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধিঃ

- শিশু একাডেমি প্রাংগনে বুথ স্থাপনের ব্যবস্থা গ্রহণ;
- ভিআইপি অতিথিদের কোভিড টেস্ট সংক্রান্ত ব্যবস্থাপনা;

- কোভিড টেস্ট এর ফলাফল সংগ্রহ/বিতরণের ব্যবস্থা গ্রহণ;
- ভেন্যুতে মাস্ক, সেনিটাইজার, তাপমাত্রা পরিমাপক যন্ত্রসহ ডেস্ক স্থাপন;
- গোপালগঞ্জ জেলা প্রশাসনের সাথে কোভিড-১৯ টেস্ট সংক্রান্ত সমন্বয়।

০৬। গোপালগঞ্জ জেলা প্রশাসনের সাথে অনুষ্ঠান সমন্বয় সংক্রান্ত উপ-কমিটিঃ

| ক্র.নং | নাম, পদবী | কর্মস্থল | |
|---|---|---|---|
| ১. | জনাব মোসাঃ ফেরদৌসী বেগম<br>যুগ্মসচিব(শিশু ও সমন্বয়) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | মো: হাবিবুর রহমান<br>মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | মোঃ ইমরুল হাসান<br>সচিব মহোদয়ের একান্ত সচিব | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ | সদস্য |
| ৫. | অভিজিৎ বসাক<br>সহকারী পরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ৬. | আহমেদ সাব্বির সাজ্জাদ<br>উপপরিচালক | বাংলাদেশ শিশু একাডেমি | সদস্য |
| ৭. | নেজারত ডেপুটি কালেক্টর | জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ | সদস্য |
| ৮. | মোঃ নুরুজ্জামান<br>প্রোগ্রাম অফিসার | বাংলাদেশ শিশু একাডেমি | সদস্য |
| ৯. | জনাব রায়হান জান্নাত<br>জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাব (সংযুক্ত) | সদস্য |
| ১০. | জনাব লায়লা আরজুমান বানু<br>প্রোগ্রাম অফিসার | বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা | সদস্য |
| ১১. | জনাব দীপক কুমার রায়<br>উপসচিব (শিশু ও সমন্বয়) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য সচিব |

উপ-কমিটির কার্যপরিধি :

- গোপালগঞ্জ জেলা প্রশাসনসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে জাতীয় শিশু দিবসের অনুষ্ঠানের বিষয়ে সার্বিক সমন্বয় সাধন;
- ঢাকা থেকে গোপালগঞ্জের অনুষ্ঠানে যোগদানকারী কর্মকর্তা ও অতিথিবৃন্দের সাথে যোগাযোগ ও সমন্বয়।
- কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। সভায় আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শেষে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/০২/২০২৩

ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি
প্রতিমন্ত্রী
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নং-৩২.০০.০০০০.০৪১.২৩.০০১.২৩.৭০

তারিখ: ১০ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
৫. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৬. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা
১২. ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, কনকর্ড রয়্যাল কোর্ট ভবন (৬ষ্ঠ তলা), ২৭৫/জি, রোড নং-১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯।
১৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
১৪. অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
১৬. নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ বেইলী রোড, ঢাকা
১৭. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
১৮. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা
১৯. যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
২০. জেলা প্রশাসক, গোপালগঞ্জ
২১. উপসচিব (প্রশাসন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
২২. প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

22.02.23

( দীপক কুমার রায় )
উপসচিব (শিশু ও সমন্বয়)
ফোনঃ ৯৫১২২০৮
e-mail: sasshishu500@gmail.com